

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।  
(সাধারণ ও সংস্থাপন শাখা)  
[www.supremecourt.gov.bd](http://www.supremecourt.gov.bd)

তারিখ: ২৫ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ  
০৯ জানুয়ারি, ২০২৫ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে 'ড্রাইভার' পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে ব্যবহারিক (ড্রাইভিং) পরীক্ষা নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে:

পরীক্ষার তারিখ ও বার	সময়	রোল পরিসর	পরীক্ষার স্থান
১৮/০১/২০২৫ খ্রি. শনিবার	সকাল- ৯:০০ ঘটিকা	১৭০০০০০১-১৭০০০৩০৬	অডিটোরিয়াম বাংলাদেশ সুপ্রীম কোর্ট

- (১) পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে <http://supremecourt.teletalk.com.bd> লিংক হতে ইতোমধ্যে SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে প্রবেশপত্র ডাউনলোড করে সঙ্গে আনতে হবে।
- (২) প্রার্থীর বৈধ ড্রাইভিং লাইসেন্সের মূল কপিসহ আবেদনপত্রটি এবং আবেদনপত্রে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা, কোটা, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ ও অন্যান্য কাগজপত্রের মূলকপি এবং ১ সেট সত্যায়িত ফটোকপি সঙ্গে আনতে হবে।
- (৩) প্রবেশপত্র ব্যতীত কোন পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না।
- (৪) পরীক্ষার্থীকে পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে সুপ্রীম কোর্ট অডিটোরিয়ামের অভ্যর্থনা কক্ষে রিপোর্ট করতে হবে।
- (৫) পরীক্ষার্থী কর্তৃক পরীক্ষায় কোনো প্রকার অসদুপায় অবলম্বন বা প্রতারণা পরীক্ষার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (৬) পরীক্ষার ফলাফলসহ পরবর্তী নির্দেশনাসমূহ বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইট [www.supremecourt.gov.bd](http://www.supremecourt.gov.bd) এবং সাধারণ ও সংস্থাপন শাখা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্টের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।
- (৭) Online-এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল ফোন সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাধ্যনীয়।
- (৮) লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

স্বা/ =

তারিখ: ০৯/০১/২০২৫ খ্রি.

মুহাম্মদ শরিফুর রহমান

অতিরিক্ত রেজিস্ট্রার (অর্থ ও উন্নয়ন)

ও

সভাপতি

“ড্রাইভার” পদে নিয়োগ সংক্রান্ত

বাছাই কমিটি।

স্মারক নং- ২৯৪ (৮)


জি/এস

তারিখ: ০৯/০১/২০২৫ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৩। রেজিস্ট্রার (বিচার), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৪। অতিরিক্ত রেজিস্ট্রার.....(সকল)/স্পেশাল অফিসার বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৫। ডেপুটি রেজিস্ট্রার (সার্বিক ও আদি অধিক্ষেত্র), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৬। সহকারী রেজিস্ট্রার (সাধারণ ও সংস্থাপন), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

- ৭। মহাব্যবস্থাপক, মার্কেটিং এন্ড ভ্যালু এডেড সার্ভিসেস, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, হোল্ডিং# ৩/এ, ৫/এ, ৭/এ, রোড# ১৭, গুলশান-১, ঢাকা-১২১২ (উল্লেখ্য যে, ব্যবহারিক পরীক্ষার সময়সূচি সংক্রান্ত উপরোক্ত নোটিশটি <http://supremecourt.teletalk.com.bd> এ প্রকাশ এবং সংশ্লিষ্ট প্রার্থীদের মোবাইল নম্বরে এসএমএস পাঠানো অনুরোধসহ)।
- ৮। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)।
- ৯। কোর্ট কীপার.....(সকল), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ১০। সুপারিনটেনডেন্ট, সাধারণ ও সংস্থাপন শাখা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট (সুপ্রীম কোর্টের সকল নোটিশ বোর্ডে প্রচারের জন্য নির্দেশ দেয়া হলো)।



মুহাম্মদ শরিফুর রহমান  
অতিরিক্ত রেজিস্ট্রার (অর্থ ও উন্নয়ন)  
ও  
সভাপতি  
“ড্রাইভার” পদে নিয়োগ সংক্রান্ত  
বাছাই কমিটি।